চুলে ‘বখাটে কাটিং’ না দিতে পুলিশ সুপারের নির্দেশনা

নাটোরে চুলে ‘বখাটে স্টাইলে কাটিং’ না দিতে সেলুন কারিগরদের প্রতি নির্দেশনা দিয়েছেন নাটোরের পুলিশ সুপার লিটন কুমার সাহা। শুক্রবার দুপুরে পুলিশ সুপারের কার্যালয়ের সামনে সদর উপজেলায় কর্মরত সেলুন কারিগরদের উপস্থিতিতে এই নির্দেশনা দেয়া হয়।

এসময় কারিগরদের উদ্দেশ্যে পুলিশ সুপার বলেন, স্কুল-কলেজ থেকে সকল পর্যায়ে আমাদের দেশীয় সংস্কৃতি ধারণ করা দরকার। পশ্চিমা সংস্কৃতি দেখে কারো উগ্রভাবে চুল রাখা মোটেও ঠিক নয়। সুন্দর করে চুল রাখা আর বখাটে স্টাইলে চুল রাখা এক বিষয় নয়। তাই জেলার সকল কারিগরদের বখাটে স্টাইলে চুল না কাটতে আহ্বান জানাচ্ছি।